

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ ডিসেম্বর ২০২১ খ্রি.

**মাদারবাড়ি উদয়ন সংঘ আয়োজিত স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আলাচনা সভায় মেয়র
নতুন প্রজন্মের কাছে মুক্তিযোদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরতে হবে**

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মহান বিজয় দিবস উপলক্ষে মাদারবাড়ি উদয়ন সংঘের উদ্যোগ গতকাল সন্ধ্যায় মাদারবাড়ি সিটি কর্পোরেশন অফিসার্স কোয়ার্টার মাঠে আয়োজিত আলোচনা সভা, চিত্রাংকন, কুইজ প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এডভোকেট মাহাবুব আলমের সভাপতিত্বে আবদুল্লাহ ফারুক নোবেলের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-কাউন্সিলর আতাউল্লাহ চৌধুর, গোলাম মোহাম্মদ জাব্বার, বাংলাদেশ লবন মিল মালিক সমিতির সভাপতি আলহাজ্ব নুরুল কবির, ক্লাবের উপদেষ্টা হাজী দানু মিয়া, মাদারবাড়ি ব্যবসায়ী সমিতির সভাপতি মুজিবুল হক পিয়াল, ক্লাবের ফুটবল কমিটির কো-চেয়ারম্যান হাজী মো. মহসিন, ক্লাবের সাধারণ সম্পাদক আলহাজ্ব নুরুল আমিন, সাংগঠনিক সম্পাদক মোস্তাকিম আহমদ গুড্ডুসহ ক্লাবের কর্মকর্তা ও প্রতিযোগিতায় অংশগ্রহণকারি ছাত্র-ছাত্রীবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী মাদারবাড়ি উদয়ন সংঘকে ধন্যবাদ জানিয়ে বলেন, মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে উদয়ন সংঘ কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে মাধ্যমে নতুন প্রজন্মের সন্তানরা মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানতে পারবে। তিনি বলেন, ৭৫'র ১৫ আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্বপরিবারে হত্যার পর ইতিহাস বিকৃত করা হয়। আমাদের কোমলমতি ছাত্র-ছাত্রীদের শিশু শ্রেণি হতে মিথ্যা ইতিহাস শিখানো হয়েছিল। বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনার সরকার আবার মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস পাঠ্য বইতে তুলে ধরার কার্যক্রম হাতে নিয়েছেন। এতে ভবিষ্যৎ প্রজন্ম মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সম্পর্কে জানবে। তিনি আরো বলেন, বাংলাদেশের আজকের উন্নয়ন ও অগতির পেছনে রয়েছে মূলতঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান, তিনি বেঁচে থাকলে ইতোমধ্যে উন্নত দেশে পরিণত হতো আমাদের দেশ। আলোচনা শেষে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী প্রতিযোগিতায় বিজয়ী ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ করেন।

**আইস ফেক্টোরী রোডের উন্নয়ন কাজ পরিদর্শনকালে মেয়র
জনসাধারণের চালাচলে ভোগান্তি লাঘবে আগামী এক সপ্তাহের মধ্যে
কার্পেটিং কাজ সম্পন্ন করার নির্দেশ**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী গতকাল শুক্রবার রাতে নগরীর আইস ফেক্টোরী রোডের উন্নয়ন কাজ পরিদর্শন করেন। তিনি পরিদর্শনকালে কাজের মান প্রত্যক্ষ করেন এবং এলাকার জনসাধারণের চালাচলের সুবিধার্থে সম্পূর্ণ কার্পেটিং কাজ আগামী এক সপ্তাহের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করেন। পরিদর্শনকালে মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে ছিলেন ওয়ার্ড কাউন্সিলর আতাউল্লাহ চৌধুরী ও গোলাম মোহাম্মদ জাব্বার, উপ-সহকারী প্রকৌশলী মোহাম্মদ নূর সোলায়মান প্রমুখ।

**দেওয়ান হাট সিটি কর্পোরেশন কলেজে পুরস্কার বিতরণকালে মেয়র
আগামী প্রজন্মকে মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস
জেনে দেশ গড়ার কাজে নিয়োজিত হতে হবে**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার পর এদেশের মানুষ বিশেষ করে একটি প্রজন্মকে বিকৃত ইতিহাস সম্পর্কে ধারণা দেয়া হয়েছে। ভুল ইতিহাস, বিকৃত ইতিহাস দিয়ে সাময়িক লাভবান হওয়া যায়, কিন্তু প্রকৃত ইতিহাস শত বছর পর হলেও কথা বলবেই। বঙ্গবন্ধু তনয়া প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতা গ্রহণ করে প্রকৃত ইতিহাস জানার ব্যবস্থা করেছে। আমাদের আগামী প্রজন্মকে প্রকৃত ইতিহাস সম্পর্কে জ্ঞান আহরণ করে বঙ্গবন্ধুর সেই প্রত্যাশিত সোনার বাংলা গড়ে তোলার প্রস্তুতি নিতে হবে। বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে সকলকে ত্যাগ স্বীকার করার আহ্বান জানান। আজ শনিবার দুপুরে দেওয়ান হাট সিটি কর্পোরেশন কলেজে আলোচনা সভা ও বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

দেওয়ান হাট সিটি কর্পোরেশন কলেজ পরিচালনা কমিটির সভাপতি ২৩নং ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ জাব্বারের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্যনেল মেয়র মো. গিয়াস উদ্দিন, ওয়ার্ড কাউন্সিলর আবদুস সালাম মাসুম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন-অধ্যক্ষ জিনু আরা বেগম, কলেজ পরিচালনা পরিষদের সদস্য হাজী মো. ইব্রাহিম, মিসেস মমতাজ বেগম, মো. শপিউল আজ, মো. ইদ্রস কাজেমী, বিনোদ বিহারী প্রমুখ।

মেয়র আরো বলেন, ছাত্র যুবকদের মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বশ্রেষ্ঠ ব্যবহারের মাধ্যমে সোনার বাংলা গড়ে তোলার মিছিলে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী সাহিত্য ও সংস্কৃতি প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩